# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১১১৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫. তৃতীয় অনুচ্ছেদ - ইমাম ও মুক্তাদীর দাঁড়াবার স্থান

### আরবী

عَنْ أَبِي مَالِكٍ الْأَشْعَرِيِّ قَالَ: أَلَا أُحَدِّثُكُمْ بِصَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَ: أَقَامَ الصَّلَاةَ وَصَفَّ الرِّجَالَ وَصَفَّ خَلْفَهُمُ الْغِلْمَانَ ثُمَّ صَلَّى بِهِمْ فَذَكَرَ صَلَاتَهُ ثُمَّ قَالَ: «هَكَذَا صَلَاة» قَالَ عبد العلى: لَا أَحْسَبُهُ إِلَّا قَالَ: أُمَّتِي . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১১১৫-[১০] আবূ মালিক আল আশ্‌’আরী (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, আমি কি তোমাদেরকে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাতের ব্যাপারে কিছু বলব না? (তাহলে) শুনো! তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) লোকদেরকে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার জন্য (প্রথমে) পুরুষদের কাতার করালেন, এরপর তাদের পেছনে শিশুদের কাতার দাঁড় করালেন। তারপর তাদের নিয়ে সালাত আদায় করালেন। (আবূ মালিক) তাঁর (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর) সালাতের বিবরণ দেয়ার পর বললেন, অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) শেষে বললেন, এভাবে সালাত আদায় করতে হবে। ’আবদুল ’আলা যিনি আবূ মালিক থেকে বর্ণনা করে বলেন, আমার মনে হয়, আবূ মালিক ’আমার উম্মাতের’- এ কথাটিও বলেছেন। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৬৭৭, আহমাদ ২২৯১৮, বায়হাক্বী ৫১৬৫। এর সানাদে শাহর বিন হাওশাব স্মৃতিশক্তিগত ত্রুটিজনিত দোষে দুষ্ট একজন দুর্বল রাবী এবং মুসনাদে আহমাদের সানাদে ‘আব্বাস বিন আল ফাযল একজন মাতরূক রাবী তবে তার হাদীস মুতাবি‘ হওয়ার যোগ্যতা সম্পন্ন।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীসটি পুরুষ, শিশু ও মহিলাদের ধারাবাহিক অনুপাতে হওয়ার উপর প্রমাণ করছে অর্থাৎ প্রথমে পুরুষদের কাতার তারপর শিশুদের কাতার তারপর মহিলাদের কাতার হবে। সুবকী বলেন, এটা তখন

হবে যখন শিশু দু’ বা ততোধিক হবে, অতঃপর শিশু যদি একজন হয় তাহলে সে পুরুষদের সঙ্গে দাঁড়াবে এবং ইমামের পেছনে একাকী দাঁড়াবে না। এর উপর প্রমাণ বহন করে প্রথম পরিচ্ছেদে আনাস (রাঃ)-এর পূর্বোক্ত হাদীস। কেননা ইয়াতীম একাকী দাঁড়ায়নি বরং সে আনাস (রাঃ)-এর সাথে কাতারবদ্ধ হয়েছিল। আহমাদ বিন হাম্বাল বলেন, শিশু মসজিদের ইমামের পেছনে প্রাপ্তবয়স্কদের সাথে দাঁড়ানো মাকরূহ। তবে যারা প্রাপ্তবয়স্ক, পনের বছর বয়সে পদার্পণ করেছে তারা ছাড়া। ‘উমার বিন খাত্ত্বাব (রাঃ) থেকে বর্ণনা করা হয়েছে তিনি যখন কাতারে শিশু দেখতেন তাকে কাতার থেকে বের করে দিতেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55675

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন